গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

বিষয়: ‘পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)-এর সহযোগিতায় পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন ‘Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্পের [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) অংশের] ‘প্রকল্প পরিচালক’ নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ১৮ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | দুপুর ০২:৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, উন্নয়ন কর্মকান্ডের পরিধি উত্তরোত্তর বৃদ্ধির ধারা অব্যাহত রাখার জন্য উন্নয়ন কর্মকান্ডের ব্যবস্থাপনা সুষ্ঠু ও গতিশীল রাখা প্রয়োজন। প্রকল্পের সফল বাস্তবায়ন একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালকের উপর নির্ভর করে। সভাপতি একজন দক্ষ ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগের ব্যাপারে সভায় মতামত ব্যক্ত করেন। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ‘পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন ‘Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্পের দু'টি অংশ রয়েছে ; একটি অংশ সরাসরি বাস্তবায়ন করছে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ এবং অপর অংশটি বাস্তবায়ন করছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)। গত ০৫/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১৩৯২.৭৮ কোটি (এক হাজার তিনশত বিরানব্বই কোটি আটাত্তর লক্ষ) [জিওবি ৩১৯.২৬ কোটি, এবং প্রকল্প ঋণ (এডিবি) ১০৭৩.৫৩ কোটি] টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৩ হতে জুন ২০৩০ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়। তিনি আরও উল্লেখ করেন যে, অনুমোদিত ডিপিপি'তে এলজিইডি অংশের জন্য প্রেষণে একজন প্রকল্প পরিচালকের নিয়োগের সংস্থান রাখা হয়েছে। পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত প্রকল্প পরিচালক নিয়োগের নিয়মাবলী সংক্রান্ত পরিপত্র অনুযায়ী (স্মারক নং-২০.৮০৪.০২২.০০.০০.০০৬.২০১০/০৪; তারিখ: ০৯/০২/২০১৬) প্রকল্প অনুমোদিত হওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কমিটির সভা আহ্বান করে ন্যূনতম সম্ভাব্য ০৩(তিন) জন প্রকল্প পরিচালকের বৃত্তান্ত পরিপত্রে সংযুক্ত ছক (সংযোজনী-১) অনুযায়ী উপস্থাপন করবে। পরিপত্র মোতাবেক অত্র মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিবেচ্য প্রকল্পের পরিচালক নিয়োগ সংক্রান্ত এ সভা আয়োজন করা হয়েছে।

০২। সভার এ পর্যায়ে সভাপতি, এলজিইডি এর প্রধান প্রকৌশলী-কে তাঁর সংস্থা কর্তৃক বিবেচ্য প্রকল্পের এলজিইডি অংশের জন্য প্রস্তাবিত ০৩(তিন) জন প্রকল্প পরিচালকের বিষয়ে বিস্তারিত তুলে ধরার জন্য অনুরোধ জানান। সভাপতির আহবানে এলজিইডি'র প্রধান প্রকৌশলী প্রস্তাবিত নিম্নোক্ত ০৩(তিন) জন কর্মকর্তার জীবন বৃত্তান্তসহ বিস্তারিত বিষয় সভায় তুলে ধরেন:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবী, বর্তমান কর্মস্থল, জন্ম তারিখ ও জ্যেষ্ঠতা নং | বর্তমান কর্মস্থলে চাকুরীকাল | নিজ জেলা | প্রস্তাবিত প্রকল্পের নাম, অফিস ও প্রকল্পের মেয়াদ |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | জনাব তীর্থজীৎ রায়<br>নির্বাহী প্রকৌশলী<br>এলজিইডি, সদর দপ্তর, ঢাকা<br>(০৩-০২-১৯৬৮)<br>জ্যেষ্ঠতা ক্রম-৩২০ | ০০ বৎসর<br>০০ মাস<br>০০ দিন | লালমনিরহাট | Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্প, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা<br>প্রকল্প মেয়াদ: ০১ জুলাই ২০২৩ হতে জুন ২০৩০ |
| ০২ | জনাব মোহাম্মদ লতিফ হোসেন<br>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পটুয়াখালী জেলা<br>০৭-০৮-১৯৭৯<br>জ্যেষ্ঠতা ক্রম-৪৭৭ | ০০ বৎসর<br>০৪ মাস<br>১২ দিন | ঢাকা | ঐ |
| ০৩ | জনাব মো. কামরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী, এলজিইড, সাতক্ষীরা<br>০২-০৭-১৯৭৪<br>জ্যেষ্ঠতা ক্রম-৪৮০ | ০০ বৎসর<br>০৪ মাস<br>১২ দিন | যশোর | ঐ |

সভায় তিনি আরো জানান যে, প্রস্তাবিত ০৩(তিন) জন কর্মকর্তার মধ্যে জনাব তীর্থজীৎ রায় একজন সিনিয়র ও অভিজ্ঞ নির্বাহী প্রকৌশলী। তিনি মাঠ পর্যায়ে ও সদর দপ্তর পর্যায়ে দায়িত্ব পালন করে যথেষ্ঠ দক্ষতা ও অভিজ্ঞতার পরিচয় দিয়েছেন। তিনি বুয়েট হতে পাশকৃত, যুক্তরাষ্ট্র হতে সাপ্লাই চেইন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। তিনি একজন দক্ষ, সিনিয়র ও অভিজ্ঞ প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্ণিত প্রকল্পের উন্নয়নসহযোগী, প্রকল্প এলাকা সম্পর্কে তাঁর দক্ষতা ও অভিজ্ঞতা রয়েছে; এবং প্রকিউরমেন্ট ও প্রকল্প বাস্তবায়নে দেশীয় ও বৈদেশিক প্রশিক্ষণ রয়েছে। তাঁর দক্ষতা ও অভিজ্ঞতার আলোকে তাঁকে প্রস্তাবিত প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে প্রেষণে নিয়োগ প্রদান করার জন্য সভায় মতামত ব্যক্ত করেন। সভাপতি এ পর্যায়ে বলেন যে, প্রস্তাবিত ০৩(তিন) জন প্রার্থীর মধ্যে যাচাই-বাছাই করে অপেক্ষাকৃত যোগ্য প্রার্থীকে নিয়োগ প্রদান করা হবে। পরিকল্পনা কমিশনের অতিরিক্ত সচিব জনাব ড. অঞ্জন কুমার দেব বলেন যে, জনাব তীর্থজীৎ রায়, নির্বাহী প্রকৌশলী যেহেতু লিয়েনে কর্মরত ছিলেন এবং যেহেতু প্রকল্পটিতে বৈদেশিক সহায়তার সংশ্লিষ্টতা রয়েছে, সেক্ষেত্রে জনাব তীর্থজীৎ রায় তাঁর একাডেমিক যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে উন্নয়নসহযোগীদের ভাল সমন্বয় করতে পারবেন বলে এ প্রেক্ষিতে সভাপতি বলেন যে, যেহেতু প্রকল্পের মেয়াদ জুন ২০৩০ পর্যন্ত সেহেতু প্রার্থীর চাকুরির মেয়াদ জুন ২০৩০ পর্যন্ত আছে কিনা তা বিবেচনা করা যায়। তিনি উপস্থিত সকল সদস্যের নিকট এ ব্যাপারে তাঁদের মতামত জানতে চান।

০৩। সভায় উল্লিখিত ০৩(তিন) জন প্রার্থীর জীবন বৃত্তান্ত বিস্তারিত আলোচনা করা হয়। এতে দেখা যায় যে, জনাব জনাব তীর্থজীৎ রায়, নির্বাহী প্রকৌশলী চাকুরীর মেয়াদ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত আছে। কিন্তু অপর ২জন কর্মকর্তার তুলনায় তিনি প্রকল্প ও বৈদেশিক সহায়তা বিষয়ে অভিজ্ঞতা এবং প্রকিউরমেন্ট ও সাপ্লাই চেইন বিষয়ে প্রশিক্ষণ ইত্যাদির ক্ষেত্রে এগিয়ে রয়েছেন। সার্বিক বিবেচনায় কমিটির সকল সদস্য প্রকল্প পরিচালক হিসেবে তাকে নিয়োগের বিষয়ে সকলে ঐক্যমত পোষন করেন।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) হতে প্রাপ্ত প্রস্তাবিত ০৩(তিন) জন নির্বাহী প্রকৌশলীর মধ্য হতে জনাব তীর্থজীৎ রায়- কে 'Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chittagong Hill Tracts (CRLIWM-CHT)' শীর্ষক প্রকল্পের স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর অংশের জন্য প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের বিষয়ে সভায় সুপারিশ করা হয়।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৬.১৪.০০৭.২২.১৯২

তারিখ: ৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি

২) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

৩) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯) প্রধান, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

১০) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

১২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

কাজী মোহাম্মদ চাহেল তস্তরী
উপসচিব